

ত্রী আল-আহ্যাব | Al-Ahzab | الْأَحْزَاب

আয়াতঃ ৩৩:৩০

া আরবি মূল আয়াত:

يٰنِسَآءَ النَّبِيِّ مَن يَّاتِ مِنكُنَّ بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ يُّضِعَف لَهَا العَذَابُ ضِعفَينِ اللهِ عَلَى اللهِ يَسِيرًا ﴿٣٠﴾

হে নবী-পত্নীগণ, তোমাদের মধ্যে যে কেউ প্রকাশ্য অশ্লীল কাজ করবে, তার জন্য আযাব দ্বিগুণ করা হবে। আর এটা আল্লাহর পক্ষে সহজ। — আল-বায়ান

হে নবী পত্নীগণ! তোমাদের মধ্যে কেউ প্রকাশ্যে অশ্লীল কাজ করলে তাকে দ্বিগুণ শাস্তি দেয়া হবে। আল্লাহর জন্য এটা সহজ। — তাইসিরুল

হে নাবী-পত্নীরা! যে কাজ স্পষ্টত অশ্লীল, তোমাদের মধ্যে কেহ তা করলে, তাকে দ্বিগুণ শাস্তি দেয়া হবে এবং এটা আল্লাহর জন্য সহজ। — মুজিবুর রহমান

O wives of the Prophet, whoever of you should commit a clear immorality for her the punishment would be doubled two fold, and ever is that, for Allah, easy. — Sahih International

৩০. হে নবী-পত্নিগণ! যে কাজ স্পষ্টত ফাহেশা, তোমাদের মধ্যে কেউ তা করলে তার জন্য বাড়িয়ে দেয়া হবে শাস্তি— দ্বিগুণ এবং এটা আল্লাহর জন্য সহজ।

তাফসীরে জাকারিয়া

- (৩০) হে নবী-পত্নীগণ! তোমাদের মধ্যে কেউ কোন প্রকাশ্য অশ্লীল কাজ করলে তাকে দিগুণ শাস্তি দেওয়া হবে।[1] আর আল্লাহর জন্য তা সহজ।
 - [1] কুরআনে 'আলিফ-লাম' যুক্ত অবস্থায় الفَاحِشَةُ ।শব্দটিকে ব্যভিচারের অর্থে ব্যবহার করা হয়েছে। কিন্তু 'আলিফ-লাম' ছাড়া 'নাকিরাহ' অবস্থায় সাধারণ অঞ্লীলতার অর্থে ব্যবহার করা হয়েছে; যেমন এখানে। এখানে এর অর্থ হবেঃ অসভ্য ও অশোভনীয় আচরণ। কারণ নবী (সাঃ)-এর সাথে অসভ্য ও অশোভনীয় আচরণ করার মানে হচ্ছে তাঁকে কষ্ট দেওয়া, আর তা কুফরী। এ ছাড়া নবী (সাঃ)-এর পবিত্র স্ত্রীগণ অনেক উচ্চ মর্যাদার অধিকারিণী





ছিলেন। আর যাঁরা উচ্চ মর্যাদাবান হন তাঁদের নগণ্য ভুলকেও বড় গণ্য করা হয়। যার জন্য তাঁদেরকে দ্বিগুণ শাস্তির ধমক শোনানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3563

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন